কালের কণ্ঠ

16 MAR 2015
2 - 2

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে তথ্য প্রযুক্তিবিষয়ক সম্মেলন শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ে তথ্য প্রযুক্তিবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন 'মিট, বিডিরেন-২০১৫' শুরু হয়েছে। বাংলাদেশ, যুক্তরাষ্ট্র, আয়ারল্যান্ডসহ বিভিন্ন দেশের তিন শতাধিক প্রতিনিধি নিয়ে গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দুই দিনব্যাপী এ সম্মেলন শুরু হয়।

সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আখতার হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মো. আবুল কালাম আজাদ, বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন প্রমুখ উপস্থিত ছিলেন। উদ্বোধনী পর্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের ইন্টারনেট-২ শাখার প্রধান বিজ্ঞানী স্টিভ ওলফ। উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ইন্টারনেটের মাধ্যমে তথ্য-প্রযুক্তি সবার কাছে শিক্ষার সুযোগ পৌঁছে দিচ্ছে। আর্থ-সামাজিক ও পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের ইন্টারনেট নেটওয়ার্কিং সিস্টেমকে আরো আধুনিকায়ন করতে হবে।